

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান - ০২ শাখা
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.probashi.gov.bd

নং- ৪৯.০০৩.০৩২.২৮.০০.০৪১.২০১০-৪৪৪

তারিখ: ১৮ মে, ২০২৩ খ্রি.

বিষয়ঃ ইতালি সরকার কর্তৃক অভিবাসী কর্মী নিয়োগ সংক্রান্ত ডিক্রি প্রকাশের বিষয়ে অবহিতকরণ।

সূত্রঃ বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালীর স্মারক নং-১৯.০১.৩৯০১.৭০১.৯৯.০০২.২১-৯৫; তারিখ: ১০ মে, ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, ইতালি সরকার কর্তৃক অভিবাসী কর্মী নিয়োগ প্রক্রিয়ার বিষয়ে শ্রম কল্যাণ উইং কর্তৃক প্রস্তুতকৃত তথ্য বিবরণী/বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় (কপি সংযুক্ত)। ইতালিতে অভিবাসী কর্মী নিয়োগের প্রকাশিত ডিক্রি অনুযায়ী সম্পূর্ণ প্রক্রিয়াটি ইতালিয়ান নিয়োগকারী কর্তৃপক্ষ/মালিক এবং নিয়োগের আগ্রহী আবেদনকারীর মধ্যকার সরাসরি যোগাযোগের মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে এতে দূতাবাসের কোন সংশ্লিষ্টতা নেই মর্মে জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, ইতালি সরকার কর্তৃক প্রস্তুতকৃত অভিবাসী কর্মী নিয়োগ সংক্রান্ত প্রস্তুতকৃত তথ্য বিবরণী/বিজ্ঞপ্তি এই মন্ত্রণালয়, বিএমইটি ও বায়রার ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৯
শ-৭/২৩
(শিমুল কুমার সাহা)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৪১০৩০২৫২

ই-মেইল: sasemployment2@probashi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
- ২। প্রোগ্রামার (আইসিটি শাখা), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটি এজেন্সি (বায়রা), বায়রা ভবন, নিউ ইস্কাটন রোড, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৩। অফিস কপি।

ফুসি ডিক্রির আওতায়

ইতালির ওয়ার্ক ভিজা

আবেদনের গ্রহণ শুরুঃ ২৭ মার্চ ২০২৩ এবং আবেদনের সর্বশেষ তারিখঃ ৩১ ডিসেম্বর ২০২৩
ফুসি ডিক্রি ২০২২ এর আওতায় ইতালিতে মৌসুমী ভিসা (সিজনাল) এবং নিয়মিত ভিসা
(নন-সিজনাল) আবেদনের বিষয়ে জরুরি তথ্য: ✓

১। শুধুমাত্র ইতালিতে বসবাসরত নিয়োগকারী/মালিক ইতালিয় সরকার কর্তৃক নির্ধারিত কর্মসংস্থান কেন্দ্র/ANPAL হতে অনাপত্তি সনদ গ্রহণ করে নিদেশী কর্মী নিয়োগের আবেদন করতে পারবেন। এবারের ফুসিতে ইতালির অভ্যন্তরের কর্মহীন/উপযুক্ত কর্মীরা নিয়োগের ক্ষেত্রে প্রথমে সুযোগ পাবেন। এধরনের কর্মীর সংস্থান না হলে কেবল তখনই প্রতিষ্ঠানগুলো ইতালির বাইরে থেকে কর্মী নিয়োগ দেওয়ার আবেদন করতে পারবে। নিয়োগকারী/মালিক নির্ধারিত SPID (Public Digital Identity System) ইমেইল থেকে যাকে তিনি নিয়োগ করতে চান তার নাম, পাসপোর্ট ও অন্যান্য তথ্য উল্লেখ করে ইতালির স্থানীয় Prefettura (স্থানীয় প্রশাসনিক অফিস)-তে ছাড়পত্রের (Nulla Osta) জন্য আবেদন করতে পারবেন। এ আবেদনের জন্য নিয়োগকারী/মালিকের ব্যয় ১৬ (ষোল) ইউরো বা সমপরিমাণ বাংলাদেশি টাকা। তবে আবেদন দাখিলের জন্য ইতালির কোন হোল্ড ডেস্ক - এর সহায়তা নিলে তার জন্য সার্ভিস চার্জ বাবদ একটি ফি পরিশোধ করতে হতে পারে যা ক্ষেত্র বিশেষে ৩০০ (তিনশত) ইউরো পর্যন্ত হতে পারে। আবেদনের জন্য এছাড়া আর কোন খরচ নেই।

২। নিয়োগকারী/মালিকের আয় ও অন্যান্য বিষয়াদি বিবেচনা করে যোগ্য বিবেচিত হলে যে ব্যক্তির জন্য আবেদন করা হয়েছে Prefettura হতে তার নামে Nulla Osta ইস্যু করা হবে। এই Nulla Osta টি বাংলাদেশে ঐ ব্যক্তির নিকট প্রেরণ করা হবে।

৩। যার নামে Nulla Osta ইস্যু হয়েছে তিনি এই Nulla Osta নিয়ে ঢাকাস্থ ইতালিয়ান দূতাবাসে ভিসার জন্য আবেদন করবেন।

৪। ভিসা নিয়ে ইতালিতে এসে নিয়োগকারী/মালিকের সাথে যোগাযোগ করে Prefettura-তে গিয়ে কাজের চুক্তি সম্পাদন করবেন এবং Permesso di Soggiorno (ওয়ার্ক পারমিট) - এর জন্য আবেদন করবেন।

৫। কাজের চুক্তি না করলে এবং সোজা না পেলে শুরু থেকেই ঐ ব্যক্তি অবৈধ হিসেবে বিবেচিত হবেন।

৬। বিশেষভাবে উল্লেখঃ

যার আবেদন আগে দাখিল করা হবে, তার আবেদন আগে বিবেচনা করা হবে।

সিজনাল ভিসায় ৪৪,০০০ কর্মী নিয়োগের সুযোগ দেওয়া হয়েছে। এর মধ্যে যারা বিগত ৫ বছরের মধ্যে ইতালিতে সিজনাল ভিসায় নিয়োগ পেয়েছিলেন এবং প্রক্রিয়া অবলম্বন করে নিজ দেশে ফিরে গিয়েছেন, তাদের জন্য ১৫০০ জনের কোটা নির্ধারিত থাকবে। সিজনাল ভিসায় কৃষি কাজ করার জন্য কোটা বরাদ্দ আছে ২২,০০০ জনের। এই কৃষি কাজের জন্য ৩৩টি দেশ (বাংলাদেশসহ) কোটা সুবিধার অন্তর্ভুক্ত থাকবে।

নন-সিজনাল/স্পনসর/উদ্যোক্তা ভিসায় ৩৮,৭০৫ জন কর্মী নিয়োগের সুযোগ রয়েছে। নন-সিজনাল ভিসায় মালবাহী পরিবহণের জন্য চালক, নির্মাণ শিল্প, পর্যটন ও আবাসন ব্যবস্থাপনা, কারিগরি, টেলিযোগাযোগ, জাহাজ নির্মাণ, খাদ্যসামগ্রী বিক্রয় ও ব্যবস্থাপনা সেক্টর সমূহে কর্মী নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশসহ ৩৩টি দেশ অন্তর্ভুক্ত আছে। এই ৩৩টি দেশের জন্য ৩০,১০৫টি কোটা সংরক্ষিত থাকবে। তবে প্রতিটি দেশের জন্য পৃথক করে কোন কোটা নির্ধারণ করা হয় নি। ইতালিতে অবস্থানরত সিজনাল ভিসায় এবং শিক্ষা/প্রশিক্ষণ ভিসায় আগত ৬৬০০ জনের ভিসা পরিবর্তন করে স্থায়ী কর্মী ভিসায় (নন সিজনাল ভিসায়) রূপান্তর করার সুযোগ থাকবে।

বিশেষ দৃষ্টব্যঃ ফুসি ডিক্রির আওতায় নিয়োগ প্রক্রিয়া ইতালিয় নিয়োগকারী এবং আশ্রয়ী কর্মীর মধ্যে সরাসরি যোগাযোগের মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। এক্ষেত্রে দূতাবাসের কোন সম্পৃক্ততা নেই।

বাংলাদেশ দূতাবাস, রোম, ইতালি

